



তারিখঃ ১ এপ্রিল ২০১৯ ইং

প্রেস বিজ্ঞপ্তি

বাসচাপায় পা হারানো রাসেলকে ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ প্রদানের জন্য হাইকোর্টের নির্দেশকে স্বাগত

গত ৩১শে মার্চ ২০১৯ বাসচাপায় পা হারানো রাসেলকে আগামী ৩ এপ্রিল ২০১৯ ইং এর মধ্যে ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে গ্রিন লাইন পরিবহণকে নির্দেশ দিয়েছে মহামান্য হাইকোর্ট। বিচারপতি এফ আর এম নাজমুল আহসান এবং বিচারপতি কে এম কামরুল কাদেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ প্রদান করেন। হাইকোর্টের দেওয়া এই আদেশ স্বগিত চেয়ে গ্রিন লাইন কর্তৃপক্ষ আপীল বিভাগের কাছে আবেদন করলেও প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বাধীন আপীল বিভাগের চার সদস্যের বেঞ্চ সেই আবেদন খারিজ ঘোষণা করেন। উল্লেখ্য যে বিগত ৬ মার্চ এ হওয়া উক্ত রিটের শুনানির পর রাসেলকে কেন এক কোটি টাকা ক্ষতিপূরণ দেয়া হবে না তা জানতে চেয়েও হাইকোর্ট আরও একটি রুল জারি করেছিলেন।

গত বছরের ২৮ এপ্রিল পেশাগত ভাবেই রাসেল একটি প্রতিষ্ঠানের ভাড়া গাড়ি চালিয়ে কেরানীগঞ্জ থেকে ঢাকা ফিরছিলেন। তিনি বলেন যে যাত্রাবাড়ীর উড়ালসড়কে গ্রিন লাইন পরিবহনের বাসটি তার গাড়িকে ধাক্কা দেয়। গাড়ি থেকে বের হয়ে আসার পর বাসচালকের সাথে তার কথা কাটাকাটি শুরু হলে এক পর্যায়ে বাসটি হঠাৎ করে আবার চলতে শুরু করে। রাসেল চলন্ত বাসের সামনে থেকে সরার চেষ্টা করলেও সড়কটির রেলিংএ আটকে পড়েন। পায়ের ওপর দিয়ে বাস চলে যাওয়ায় তার বা পাটি কেটে ফেলতে হয়।

যে কোন ধরনের দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তের আর্থিক, মানসিক, শারীরিক ক্ষতিগুলোকে আইনের সহায়তায় পূরণ করে মানবাধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে, আইনী সংস্থা হিসেবে সহায়তা প্রদান, দুর্ঘটনায় ভুক্তভোগীদের যথার্থ বিচার ও ক্ষতিপূরণ প্রাপ্তির প্রক্রিয়ায় ব্লাস্ট কাজ করে আসছে। সুপ্রিম কোর্টের ক্ষতিপূরণের এই নির্দেশনা দেশে ন্যায়-বিচার ও মানবাধিকার প্রতিষ্ঠায় ভূমিকা রাখবে।

বার্তা প্রেরকঃ

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইলঃ ০১৭৭৬০৬০১১৩

ই-মেইলঃ mahbuba@blast.org.bd